গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.১১.০১৪.১৮- ৬৯২৫ তারিখঃ- ২৫/৪/১৪২৫ বঃ ০১/৮/২০১৮ খ্রিঃ

"নিয়োগ বিজ্ঞপ্তি"

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের রাজস্ব খাতে অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত পদে নিয়োগের নিমিত্ত উল্লিখিত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশি **"অবিবাহিত"** নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছেঃ-

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল/গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মন্তব্য
১	২	৩	৪	৫
১.	ফায়ারম্যান (পুরুষ) ৮৮০০-২১৩১০/- গ্রেড-১৮	৫১৬টি	ক) স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড হতে কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) শারীরিক যোগ্যতা উচ্চতাঃ ৫ ফুট ৪ ইঞ্চি ন্যূনতম বুকঃ ৩২ ইঞ্চি ন্যূনতম গ) শারীরিক গঠন ত্রুটিমুক্ত হতে হবে।	সকল জেলা

আবেদনের শর্তাবলিঃ

১. **প্রার্থীর বয়সসীমা ০১/০৮/২০১৮ খ্রিঃ তারিখে ১৮ থেকে ২০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সের উর্দ্ধসীমা ৩২ বছর। মুক্তিযোদ্ধা সন্তানের সন্তানদের ক্ষেত্রে বয়সের উর্দ্ধসীমা ২০ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।**

২. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় তা প্রদর্শন করতে হবে। তবে তাদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য নয়।

৩. নিয়োগের ক্ষেত্রে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নিয়োগ বিধিমালা ১৯৯৯ সহ সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধান কোনরূপ সংশোধিত হলে তা অনুসরণ করা হবে।

৪. শারীরিক যোগ্যতা যাচাই, লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

৫. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং সম্প্রতি তোলা ৫ সেমিঃ × ৫ সেমিঃ সাইজের ২ কপি রঙিন ছবি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে), জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ ও অবিবাহিত প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও অবিবাহিত সনদ, ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদ এবং Application form সহ সকল সনদের (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে তার সপক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৬. মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে তার সপক্ষে গেজেটসহ মুক্তিযোদ্ধা সংক্রান্ত মূল সনদ মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে এবং ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

৭. বিশেষ কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে এবং ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

৮. আবেদনকারী যে কোটায় আবেদন করবেন তা আবেদনপত্রে উল্লেখ করতে হবে, যেমনঃ এতিম, মুক্তিযোদ্ধা, মহিলা, আনসার ও ভিডিপি, ক্ষুদ্র ও নৃতাত্ত্বিক জনগোষ্ঠী।

৯. এতিম প্রার্থীদের বেলায় রেজিস্টার্ড এতিমখানার নিবাসী হতে হবে এবং এতিমখানার নিবাসী সনদপত্র সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হতে হবে।

১০. এই নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে পরিবর্তন/পরিবর্ধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং উল্লিখিত পদ সংখ্যা কমবেশি হতে পারে।

১১. উক্ত পদের জন্য শারীরিক যোগ্যতা যাচাই, লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। শারীরিক যোগ্যতা যাচাই, লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণের তারিখ, সময় ও স্থান SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। এছাড়া বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ওয়েবসাইটে **(www.fireservice.gov.bd)** প্রকাশ করা হবে।

১২. **গাড়ি চালনায় হালকা ড্রাইভিং লাইসেন্সধারীদের অগ্রাধিকার দেয়া হবে।**

১৩. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:**

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://fscd.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

iii. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৯/০৮/২০১৮ খ্রিঃ, সকাল- ১০:০০ টা।

iv. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৫/০৯/২০১৮ খ্রিঃ, বিকাল- ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS** প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: FSCD<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: FSCD ABCDEF

Reply: Applicant's Name, Tk-100/50 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type FSCD<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: FSCD<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: FSCD YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for FSCD Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://fscd.teletalk.com.bd **ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে** SMS-**এর মাধ্যমে** (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online **আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা,** SMS **পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. **SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;**

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

iii. User ID জানা থাকলে FSCD<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: FSCD Help User ABCDEF & send to 16222

iv. PIN Number জানা থাকলে: FSCD<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: FSCD Help PIN 12345678 & send to 16222.

১৪. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

সভাপতি
বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি